

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: DhakaPA@state.gov

WEBSITE: !! HYPERLINK "http://dhaka.usembassy.gov" ¶ <http://dhaka.usembassy.gov>



প্রেস বিজ্ঞপ্তি

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে প্রেসিডেন্ট বুশের শুভেচ্ছা বাণী

ঢাকা, ১৯শে ডিসেম্বর -- পবিত্র ঈদুল আযহা উপলক্ষে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ. বুশ নিম্নলিখিত বাণী প্রদান করেছেন:

(বাণীর পূর্ণ বিবরণ)

ঈদুল আযহা উদযাপনকারী সকল মুসলমানকে আমি অবকাশের শুভেচ্ছা জানাচ্ছি।

আল্লাহ যখন হযরত ইবরাহীম (আ.)-কে আদেশ করলেন স্বীয় পুত্রকে কোরবানি করতে, তখন তিনি আল্লাহর প্রতি যে অগাধ বিশ্বাস ও আস্থা প্রদর্শন করেছেন ঈদুল আযহার সময় সারা বিশ্বের মুসলমানরা তা স্মরণ করেন। এই চারদিন মুসলমানরা পরিবার-পরিজন ও বন্ধু-বান্ধবের সঙ্গে উদযাপন করেন এবং আল্লাহর দেওয়া অপার নেয়ামতের জন্য শুকরিয়া জ্ঞাপন করেন, আর এর মাধ্যমেই হযরত ইবরাহীম (আ.)-এর আনুগত্যকে সম্মান জানান তারা। করুণা ও আত্মোৎসর্গের মূল্যবোধ ভবিষ্যৎ প্রজন্মের কাছে পৌঁছে দিতে এই অবকাশ সাহায্য করে।

আমেরিকা বহু ধর্মবিশ্বাসী মানুষের ভূমি, আর মুসলমান নাগরিকরা আমাদের সমাজকে সমৃদ্ধ করেছেন। আমেরিকার মুসলমানরা এই বিশেষ উৎসবের সময় এবং সারা বছর যে উদারতা, বদান্যতা ও সদীচ্ছা দেখান তা আমাদের জাতির শক্তি ও গুরুত্ব বৃদ্ধিতে অবদান রেখেছে। এই আনন্দঘন অবকাশকালে যারা ঈদুল আযহা উদযাপন করছেন, কামনা করি তারা যেন এর মধ্যে ভালবাসা ও উষ্ণতা লাভ করেন।

লরা এবং আমি সবাইকে জানাই শুভেচ্ছা, স্মরণীয় হয়ে থাকুক এই উদযাপন।

জর্জ ডব্লিউ. বুশ।

=====

জিআর/ ২০০৭

দ্রষ্টব্য: এই বাণীর ইংরেজি ভাষ্য 'আমেরিকান সেন্টার'-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে আগ্রহী হন, তবে 'আমেরিকান সেন্টার'-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: DhakaPA@state.gov এবং ওয়েবসাইট: dhaka.usembassy.gov) যোগাযোগ করুন।